# সোনালী ব্যাংক পিএলসি.
# Sonali Bank PLC.

গজারিয়া শাখা, মুন্সীগঞ্জ
Gazaria Branch, Munshigonj
Phone: 01714039777
E-mail: brgazaria@sonalibank.com.bd


## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ (৩) ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি. গজারিয়া শাখা, জেলা-মুন্সিগঞ্জ এর ঋণ গ্রহীতা মোঃ হারুন অর রশিদ, পিতা-মৃত মোঃ বাচ্চু মিয়া, মাতা-রাবিয়া খাতুন, মালিক-**মেসার্স ঐশী রাইছ এন্টারপ্রাইজ,** ব্যবসায়িক ঠিকানা-ভবেরচর, শ্রীনগর, ডাকঘর-ভবেরচর-১৫১০, থানা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ এর নিকট ৩০-০৯-২০২১ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১১,৯৮,৫৫১.০০ (এগার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত একান্ন) টাকা মাত্র ও তৎপরবর্তী আদায়কালতক সুদ এবং অন্যান্য খরচ বাবদ ব্যাংক পাওনা আদায়ের লক্ষ্যে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে দরপত্র আহব্বান করিতেছি ঃ-

### ঃ বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

**জেলা-মুন্সীগঞ্জ, উপজেলা-গজারিয়া, সাব-রেজিষ্ট্রার অফিস-গজারিয়া, মৌজা-শ্রীনগর, জে.এল নং- আর.এস-৭৯।**

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| সি.এস-২২৭ | ৫৯২ | বাড়ী | ৩.০০ শতাংশ |
| এস.এ-৪৭৮ | ৫৯২ | | |
| আর.এস-৬১৭ | ২৫৫০ | | |
| নামজারী-৮৬০ | ২৫৫০ | | |

চৌহদ্দি ঃ উত্তরে ঃ নিজ, দক্ষিনে ঃ রাস্তা, পূর্বে ঃ রমনী মোহন, পশ্চিমে ঃ পশু হাসপাতাল

### ঃ শর্তসমুহঃ

০১) আগামী ~~০৭~~ ১৭-০৮-২০২৫ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি. প্রিন্সিপাল অফিস, মুন্সীগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে এবং ঐ দিনই অপরাহ্ন ২.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র দরদাতার নাম, পিতার/স্বামীর নাম (কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য নহে) ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) এবং প্রস্তাবিত মোট মূল্য অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে

০৩) তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য সোনালী ব্যাংক পিএলসি. গজারিয়া শাখার অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জানামত দরপত্রের সহিত দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুসরন করিতে হইবে।

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকী টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনুর্ধ্ব টাকা= ১০,০০,০০০.০০ | ২০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন |
| টাকা=১০,০০,০০১.০০ হইতে অনুর্ধ্ব টাকা=৫০,০০,০০০.০০ | ১৫% | দরপত্র গৃহীত হওয়ার ৬০ (ষাট) দিন |
| টাকা=৫০,০০,০০০.০০ এর অধিক | ১০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন |

০৪) দরপত্র গৃহীত হইবার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী পরিশোধ ব্যর্থ হইলে জানামতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত উক্ত জানামতের টাকা ব্যাংকের দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে। যে সকল দরপত্র গৃহীত হইবে না ঐ সকল দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম সম্পাদন সাপেক্ষে যথা সময়ে ফেরৎ প্রধান করা হইবে।

০৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহবান করিতে পারিবেন।

০৬) দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৭) সফল দরদাতাকে/দরদাতাগণদের নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন খরচ, ষ্ট্যাম্প ডিউটি, অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন পাওনা বা দাবী থাকিলে তাহা বহন করিতে হইবে।

০৮) নিলাম অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের অত্র শাখার অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

০৯) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থা, পরিমাণ ও স্বত্বের দলিল পত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১০) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন, বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষন করে।

১১) প্রয়োজনবোধ নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগীতা প্রধান করা হইবে।

ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি.
গজারিয়া শাখা, জেলা-মুন্সীগঞ্জ।

Mohammad Masud Alam
Manager (SPO) ([illegible]206)
Sonali Bank PLC
Gazaria Branch, Munshiganj